The Bangladesh Monitor - A Premier Travel Publication

বাংলাদেশসহ ৫দেশের জন্য ওমরাহ পালনে নতুন নিয়ম ঘোষণা

- A Monitor Desk Report Date: 04 December, 2022



বাংলাদেশি নাগরিকদের এখন থেকে সৌদি আরবে ওমরাহ হজ করতে যাওয়ার জন্য ইলেক্ট্রনিক ওমরাহ ভিসা রেজিস্ট্রেশনের সময় অ্যাপে আঙুলের ছাপসহ বায়োমেট্রিক ডেটা দিতে হবে হজযাত্রীদের।

শনিবার ৩ ডিসেম্বর) এ ঘোষণা দিয়েছে দেশটির হজ ও ওমরাহ বিষয়ক মন্ত্রণালয়।

এক প্রতিবেদনে বলা হয়েছে, এখন থেকে বাংলাদেশ, মালয়েশিয়া, তিউনেশিয়া, কুয়েত ও যুক্তরাজ্য থেকে সৌদি আরবে ওমরাহ হজ করতে যাওয়ার জন্য ইলেক্ট্রনিক ওমরাহ ভিসা রেজিস্ট্রেশনের সময় অ্যাপে আঙুলের ছাপসহ বায়োমেট্রিক ডেটা দিতে হবে হজযাত্রীদের।
এ জন্য প্রথমেই 'সৌদি ভিসা বায়ো' অ্যাপ ডাউনলোড করে ভিসার ধরন বেছে নিয়ে এ নিবন্ধন করতে হবে।

এরপর আবেদনকারীর পরিচয় যাচাইয়ে পাসপোর্ট স্ক্যানে চাপ দিতে হবে এবং আবেদনকারীকে অবশ্যই মোবাইল ক্যামেরায় সেলফি বা মুখের পূর্ণ ছবি দিতে হবে। এ ছবির মাধ্যমে পাসপোর্টের ছবির সঙ্গে আবেদনকারীর চেহারা মেলানো হবে। পরে ক্যামেরার মাধ্যমে ১০টি আঙ্গুলের ছাপ স্ক্যান করার কাজটি সম্পন্ন করতে হবে।

সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয় বলছে যে, এই শর্তের লক্ষ্য সৌদি আরবের বন্দরগুলোর মাধ্যমে যারা ওমরাহ পালন করতে আসছেন তাদের আগমনের পদ্ধতিগুলোকে সহজতর করার পাশাপাশি হজযাত্রীদের জন্য ডিজিটাল অভিজ্ঞতাকে সমৃদ্ধ করা।

এর আগে গত বছরের শেষ দিকে মোবাইলের মাধ্যমে ভিসা বায়োমেট্রিক করার কথা জানিয়েছিল সৌদি সরকার।

-B